



ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



স্মারক নং- খুপ্রবি/শিক্ষা/ ১৬২৯

তারিখঃ ০৯/১১/২০২১

## ভর্তি বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামে এম.এস-সি. ইঞ্জিঃ (আইসিটি) ও পি-এইচ.ডি (আইসিটি) এবং পোস্টগ্রাজুয়েট ডিপ্লোমা (আইসিটি) প্রোগ্রামে ২০২২ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি)-তে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে Online এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### ১। আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতা:

- (ক) পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং অথবা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। এ ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।
- (খ) এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং অথবা গ্রাজুয়েট ডিপ্লোমা ইন আইসিটি/ গ্রাজুয়েট ডিপ্লোমা ইন আইটি বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) থাকতে হবে। প্রার্থীকে এস.এস-সি ও এইচ.এস-সি বা সমমানের পরীক্ষায় যেকোন একটি তে কমপক্ষে CGPA 3.00 (Out of 5.00) থাকতে হবে এবং এস.এস-সি ও এইচ.এস-সি বা সমমানের সকল পরীক্ষায় অবশ্যই কমপক্ষে CGPA 2.50 (Out of 5.00) থাকতে হবে।
- (গ) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন আইসিটি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং বা এর সমতুল্য ডিগ্রী অথবা ৩/৪ বছরের বিজ্ঞান বিষয়ে ব্যাচেলর ডিগ্রী (একটি কোর্সে গণিতসহ) অথবা বিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রী (একটি কোর্সে গণিতসহ) অথবা বিইউআরপি/বিবিএ/এমবিএ (একটি কোর্সে গণিতসহ)। প্রার্থীকে এস.এস-সি ও এইচ.এস-সি বা সমমানের পরীক্ষায় যেকোন একটি তে CGPA 3.00 (Out of 5.00) থাকতে হবে। প্রার্থীকে বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং/৩ অথবা ৪ বছরের বিজ্ঞান বিষয়ে ব্যাচেলর ডিগ্রী/বিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রী/বিইউআরপি/বিবিএ/এমবিএ ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.50 (Out of 4.00) থাকতে হবে। প্রার্থীকে এস.এস-সি ও এইচ.এস-সি বা সমমানের সকল পরীক্ষায় অবশ্যই কমপক্ষে CGPA 2.50 (Out of 5.00) থাকতে হবে।

### ২। ভর্তি সংক্রান্ত সময়সূচী:

ক)	অনলাইনে আবেদন ফরম পূরণ Submission শুরু	১১/১১/২০২১ইং
	অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission শেষ	৩০/১১/২০২১ইং (বিকাল ৫.০০ টা)
খ)	টাকা জমা দেয়ার শেষ তারিখ এবং Zip File আপলোড	৩০/১১/২০২১ইং (বিকাল ৫.০০ টা)
গ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	০৫/১২/২০২১ইং
ঘ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১৩/১২/২০২১ইং

৩। শুধুমাত্র পূর্ণকালীন পি-এইচ.ডি/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/ Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৪। অনলাইনের মাধ্যমে আবেদন ফি বাবদ ৫০০/- টাকা পরিশোধ করতে হবে। বিস্তারিত ওয়েবসাইট থেকে জানা যাবে।

৫। Online- এ আবেদনের সময় নিম্নবর্ণিত কাগজপত্র সমূহ ১টি Zip File আকারে Submit করতে হবে।

- (i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট এর Scan কপি।  
(ii) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/প্রভিশনাল সার্টিফিকেট এর Scan কপি।

\*\*\* উপরোক্ত কাগজপত্রসমূহ Zip File আকারে ৩০/১১/২০২১ইং এর মধ্যে Submit করতে ব্যর্থ হলে আবেদনপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। ভর্তি সংক্রান্ত কোন তথ্যাবলীর জন্য ই-মেইল করুন: [pgadmission@iict.kuet.ac.bd](mailto:pgadmission@iict.kuet.ac.bd)

৮। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী আইআইসিটির ওয়েবসাইট এ ([www.kuet.ac.bd/iict](http://www.kuet.ac.bd/iict)) বিস্তারিত পাওয়া যাবে এবং Online Form পূরণ করার ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে ইঞ্জি. মোঃ নাজিম উদ্দিন (e-mail: [nazim@iict.kuet.ac.bd](mailto:nazim@iict.kuet.ac.bd)) এবং Payment এর ক্ষেত্রে কোন সমস্যা হলে ইঞ্জি. মোঃ সিদ্দিকুর রহমান তানভীর (e-mail: [tanveer@kuet.ac.bd](mailto:tanveer@kuet.ac.bd)) এর সাথে অফিস চলাকালীন (সকাল ৯-০০ থেকে বিকাল ৫-০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

ওয়েবসাইট : <https://admission.kuet.ac.bd/pgiictadm>

*Ahmad.*

০৯/১১/২০২১

(প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ)

পরিচালক, আইআইসিটি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।